মানিকগঞ্জে আগুনে পুড়ে বসতভিটা চাই,সর্বস্বান্ত দিনমজুর আযম খান

মানিকগঞ্জ – মানিকগঞ্জ সদর উপজেলায় এক দিনমজুরের বাড়ীতে অগ্নিকান্ডে টিনের ঘর,মালামাল ও নগদ অর্থ পুড়ে গেছে।এতে পাঁচ লক্ষাধিক টাকা মালামাল ক্ষতিগ্রস্থ হয়েছে বলে জানা গেছে।

আজ বুধবার(২৬ ফেব্রæয়ারী) বিকেল সাড়ে চার টার দিকে সদর উপজেলার বেতিলা-মিতরা ইউনিয়নের আইরমাড়া গ্রামে মোঃ আযম খানের বাড়ীতে এ ঘটনা ঘটে।একটি মাত্র থাকার ঘর আগুনে পুড়ে তিনি সর্বস্বান্ত হয়ে পড়েছেন।

স্থানীয় সূত্রে জানা যায়,বুধবার বিকেল সাড়ে চার টার দিকে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়।এসময় পাশের বাড়ীর লোকজন আগুনের ফুলকি দেখে ডাক চিৎকার করেন এবং আগুন নিবানোর চেষ্ঠা করেন।পরে ফায়ার সর্ভিসের কর্মীরা ঘটনা স্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনেন।

আইরমাড়া গ্রামের মোঃ শরিফ মিয়া জানান,ক্ষতিগ্রস্থ আযম খানের বসত ভিটা ছাড়া আর কোন সহায় সম্পতি নাই ।শেষ সম্বল বসতভিটা তাও আগুনে পড়ে ছাই হয়ে গেছে।এখন তার ছেলে সন্তান নিয়ে অন্যের বাড়ীতে থাকতে হবে।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের সিনিয়র স্টেশন অফিসার জহিরুল ইসলাম জানান,বুধবার বিকেলে সদর উপজেলার আইরমাড়া গ্রামে আযম খানের বাড়ীতে আগুন লাগার খবর পেয়ে আমরা ঘটনা স্থলে যাই।দীর্ঘ আধা ঘন্টা চেষ্টার পর আগুন নিয়ন্ত্রেণে আসে।প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে বৈদ্যুতিক শর্ট সার্টিক থেকে এ আগুনের সূত্রপাত হয়েছে।তিনি আরো বলেন,ক্ষতিগ্রস্থ বাড়ীর লোকদের সাথে কথা বলে জানা গেছে,আগুনে তাদের বসতভিটার একটি ঘর,আলমারী,ফ্রিজ,একটি পাসপোর্টএবং ঘরের ভিতরের মালামাল ও নগদ ৬৪ হাজার টাকাসহ মোট পাঁচ লক্ষ টাকার মালামাল পুড়ে গেছে।